DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 13 Sep 2026, 02:20 PM

সারাদেশ

# সৈয়দপুরে ঈদে মিলাদুন্নবী উপলক্ষে বর্ণাঢ্য জশনে জুলুস

প্রতিবেদক: সৈয়দপুর (নীলফামারী) প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে নীলফামারীর সৈয়দপুরে উত্তরবঙ্গের অন্যতম বৃহৎ জশনে জুলুস অনুষ্ঠিত হয়েছে। বুধবার □আঞ্জুমানে গাউসিয়া আহলে সুন্নাত ওয়াল জামাত□-এর উদ্যোগে আয়োজিত এ ধর্মীয় শোভাযাত্রায় বিপুলসংখ্যক ধর্মপ্রাণ মানুষ অংশ নেন।

সকাল থেকেই শহরের বিভিন্ন পাড়া-মহল্লা থেকে জিকির, সালাত ও সালাম পেশ করে খণ্ড খণ্ড মিছিল নিয়ে মুসল্লিরা ঐতিহাসিক সৈয়দপুর রেলওয়ে মাঠে সমবেত হতে থাকেন। সকাল ১০টার দিকে বিপুল মানুষের উপস্থিতিতে মাঠটি জনসমুদ্রে পরিণত হয়।

আয়োজকদের দাবি, প্রায় ৩০ হাজার আশেকে রাসুলের অংশগ্রহণে রেলওয়ে মাঠ থেকে জশনে জুলুসের মূল শোভাযাত্রা শুরু হয়। নাত-এ-রাসুল ও □নারায়ে তাকবির□ ধ্বনিতে মুখর হয়ে ওঠে পুরো শহর। শোভাযাত্রায় সবুজ পতাকা, কলেমা খচিত ব্যানার ও বিভিন্ন তোরণ দেখা যায়।

প্রায় ১০ কিলোমিটার পথ প্রদক্ষিণ করে জুলুসটি পুনরায় সৈয়দপুর রেলওয়ে মাঠে এসে শেষ হয়। ঐতিহাসিক এ জশনে জুলুসের সার্বিক নেতৃত্ব দেন সৈয়দ শাহ আহমেদ জামাল আশরাফ আশরাফী আল জিলানী।

জুলুস শেষে রেলওয়ে মাঠে হযরত মুহাম্মদ (সা.)-এর পুণ্যময় জীবন, আদর্শ ও সুন্নাহ অনুসরণের গুরুত্ব তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে দেশ, জাতি ও বিশ্ব মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি, কল্যাণ ও ঐক্য কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**

জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**

সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




**ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত**

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/soiydpure-ide-miladunnbi-uplkshe-brnadhj-jshne-julus